গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
www.sesip.gov.bd

স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৬২৩/Pre Voc.Voc Edu (পার্ট-৮)/২০২৪/২২২ তারিখ: ১২.১২.২০২৪ খ্রি.

বিষয় : সেসিপের আওতায় সাধারণ ধারায় ৬৪০টি প্রতিষ্ঠানের ভোকেশনাল শিক্ষা কর্মসূচিতে ২০২৫ সালে নবম শ্রেণিতে আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তির প্রচার প্রচারনামূলক কার্যক্রম গ্রহণ এবং শূন্যপদে ট্রেড ইন্সট্রাক্টর ও ট্রেড এ্যাসিস্টেন্ট নিয়োগের কার্যক্রম ত্বরান্বিতকরণ।

সূত্র : ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.০৬.০২০.১৬.২৩৫; তারিখ: ০৬.১১.২০২৪ খ্রি.
২) জনপ্রশাসন মন্ত্রণালয় স্মারক নং-০৫.০০.০০০০.১১১.১৬.০১১.১৭.৪৯০; তারিখ: ০২.১২.২০২৪ খ্রি.

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় মাধ্যমিক স্তরের সাধারণ শিক্ষাধারার ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে (২২টি সরকারি বিদ্যালয়, ৫২৬টি এমপিওভুক্ত বিদ্যালয়, ৮৯টি মাদ্রাসা ও ৩টি নন এমপিও বিদ্যালয়) ২০২০ শিক্ষাবর্ষ হতে ভোকেশনাল শিক্ষা চালু করা হয়েছে। বর্ণিত প্রতিষ্ঠানসমূহের মধ্যে বেসরকারি প্রতিষ্ঠানের জনবল কাঠামো বা এমপিও নীতিমালা সংশোধনপূর্বক ট্রেড ইন্সট্রাক্টরের ২টি করে পদ সৃজন এবং বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর মাধ্যমে ১২২২ জন কে নিয়োগ প্রদান করা হয়। কিন্তু অন্যত্র ভালো কর্মে সুযোগ ও অন্যান্য কারণে বেশকিছু সংখ্যক শিক্ষক অব্যাহতি নিলেও এমপিওভুক্ত ১২৩০টি পদের বিপরীতে প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যানুসারে বর্তমানে ৯৩৪ জন ট্রেড ইন্সট্রাক্টর কর্মরত রয়েছে এবং ২৯৬টি পদ শূন্য রয়েছে। এনটিআরসিএ কর্তৃক সফটওয়্যারের মাধ্যমে চাহিত ই-রেজিস্ট্রেশন ও ই-রিকুইজিশন সংক্রান্ত তথ্য প্রদানের জটিলতার কারণে শূন্য পদসমূহ যথাসময়ে পূরণ করা সম্ভব হচ্ছে না। একইভাবে এমপিও নীতিমালা সংশোধন করে প্রতিটি প্রতিষ্ঠানে ০২জন করে ট্রেড এ্যাসিসটেন্টের পদ সৃজন করে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির মাধ্যমে ১২৩০টি পদের বিপরীতে ৭৩৫ জন কে নিয়োগ প্রদান করা হলেও বর্তমানে ৫৪৫টি পদ শূন্য রয়েছে, যা বিভিন্ন জটিলতা ও কার্যকরী উদ্যোগের অভাবে যথাসময়ে পূরণ করা সম্ভব হচ্ছে না। ২০২০ শিক্ষাবর্ষ হতে উক্ত প্রতিষ্ঠানসমূহে ২০২৪ সাল পর্যন্ত ১০টি ট্রেডে নবম ও দশম শ্রেণিতে ২,০০,১৯৬ জন শিক্ষার্থী টেকনোলজি শিক্ষার সুযোগ গ্রহণ করেছে। এখানে প্রতি শিক্ষাবর্ষে ৫১,২০০জন শিক্ষার্থী ভর্তির সুযোগ থাকলেও ব্যাপক প্রচার-প্রচারণা ও সচেতনতার অভাবে প্রতি বছর প্রায় অর্ধেক শিক্ষার্থীর আসন শূন্য রয়ে যাচ্ছে। এতে অনেক শিক্ষার্থী টেকনোলজি শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এছাড়াও জনপ্রশাসন মন্ত্রণালয় ০২ ডিসেম্বর ২০২৪ তারিখের অনুশাসন অনুযায়ী, বিভিন্ন প্রতিষ্ঠানে অনুমোদিত শূন্য পদ পূরণ করার এবং শূন্য পদ পূরণে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা পত্র প্রাপ্তির ১৫ কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত বিষয়সমূহে বিগত ০৪ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ, বুধবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) ধানমন্ডি, ঢাকায় মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকগণের অংশগ্রহণে দিনব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিস্তারিতভাবে আলোচনা করা হয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মশালায় উপস্থিত হয়ে শিক্ষার্থী ভর্তি বৃদ্ধি, নিয়মিতভাবে এনটিআরসিএ-তে ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগের চাহিদা প্রেরণ ও প্রতিষ্ঠানের মাধ্যমে শূন্য পদে জরুরীভিত্তিতে ট্রেড এ্যাসিস্টেন্ট নিয়োগ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন (কপি সংযুক্ত)। বর্ণিত কর্মশালায় এনটিআরসিএ ও টেলিটক বাংলাদেশ লিমিটেডের প্রতিনিধিগণ ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগের চাহিদা প্রদানের ক্ষেত্রে প্রাপ্ত সমস্যাসমূহ আলোচনা করেন এবং এনটিআরসিএ এর সফটওয়্যারের বিভিন্ন ফিচার প্রদর্শনের মাধ্যমে শিক্ষক চাহিদা প্রদানের বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান, উপজেলা ও জেলা শিক্ষা অফিসারের ভূমিকা সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করেন। তারপরেও কোন সমস্যা পরিলক্ষিত হলে এনটিআরসিএ-তে যোগাযোগ করে সমাধানে উপপরিচালক (মাধ্যমিক), ঢাকা অঞ্চল, ঢাকা উদ্যোগী হবেন।

০২। এমতাবস্থায়, ভোকেশনাল শিক্ষা কর্মসূচিতে প্রতিষ্ঠানসমূহের ট্রেড এ্যাসিস্টেন্ট শূন্য পদে নিয়োগ, ২০২৫ সালে ৯ম শ্রেণিতে আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে প্রচার-প্রচারণামূলক জোড়ালো কার্যক্রম গ্রহণ এবং ট্রেড ইনস্ট্রাক্টর নিয়োগের ক্ষেত্রে নিয়মিতভাবে ও যথাসময়ে প্রতিষ্ঠান কর্তৃক ই-রেজিস্ট্রেশন ও ই-রিকুইজিশনের কাজ সম্পন্ন করার জন্য তাঁর আওতাধীন জেলা শিক্ষা অফিসের সাথে সমন্বয়পূর্বক জরুরীভিত্তিতে যথাযথ কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক ০১ পাতা

১২।১২।২৪
(প্রফেসর এ বি এম রেজাউল করীম)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৪১০৫৩৭৭৪
ইমেইল: dg@dshe.gov.bd

উপ-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):**

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [দৃ:আ: উপসচিব (উন্নয়ন-১)]।
২. প্রোগ্রাম পরিচালক, সেসিপ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, সকল অঞ্চল।
৫. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা, সকল জেলা।
৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার , সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস।
৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান), উপজেলা: সকল জেলা: সকল ।
৯. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mopa.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১১১.১৬.০১১.১৭.৪৯০

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১
০২ ডিসেম্বর ২০২৪

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "Statistics of Government Servants 2023" অনুযায়ী বর্তমানে সরকারের অনুমোদিত শূন্য পদের সংখ্যা ৪,৭৩,০০১টি। সম্প্রতি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (বিপিএসসি) ৪৭তম বিসিএস নিয়োগ পরীক্ষার মাধ্যমে ৩৬৮৮টি শূন্য পদ পূরণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।

০২. বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (বিপিএসসি) শুধুমাত্র, ১ম শ্রেণি নন-ক্যাডার এবং সীমিত পর্যায়ে ২য় শ্রেণীর কর্মকর্তা নিয়োগ করে থাকে। সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য পদসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, অধীনস্ত দপ্তর/সংস্থা/কর্পোরেশন/কোম্পানী কর্তৃক পূরণ করা হয়ে থাকে।

০৩. ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মাধ্যমে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার জনগণের প্রত্যাশা পূরণ এবং শিক্ষিত তরুণদের বেকারত্ব লাঘবে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্ণিত তথ্যমতে দেশে বিপুল সংখ্যক শূন্যপদ থাকা সত্ত্বেও তা পূরণে কার্যকর পদক্ষেপ গ্রহণে কোন উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে না।

০৪. বর্ণিতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/ বিভাগ, অধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহে অনুমোদিত শূন্য পদসমূহ বিধি মোতাবেক পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদ্ব্যতীত শূন্যপদ পূরণে ইতোমধ্যে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে, সেসকল তথ্যাদি ওয়ার্ড ফাইলসহ পত্রপ্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

২-১২-২০২৪
ড. মো: মোখলেস উর রহমান
সিনিয়র সচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৯০১০০
ইমেইল: secretary@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক
২) সিনিয়র সচিব/সচিব (সকল)
৩) মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)
৪) মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৫) রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন